# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৫-২০১৬/ ৭৭৭ (১২৫০) তারিখ ঃ ২৮-০১-২০১৬

বিষয় ঃ আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায় ও মুনাফা অর্জনসহ অঞ্চল/ শাখাসমূহের যাবতীয় কার্যক্রম নিয়মিত মনিটরিং করা প্রসংগে।

গত ০৭-০১-২০১৬ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় মহাব্যবস্থাপকদের ২০১৫-২০১৬ অর্থ বছরের অর্ধ-বার্ষিক পর্যালোচনা সভায় সকল ব্যবসায়িক কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নির্দেশনা দেয়া হয়েছে। ইতোপূর্বে সকল বিভাগ ও অঞ্চলের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রধান কার্যালয় হতে কতিপয় উর্ধতন নির্বাহী/প্রমোটাদেরকে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন বিভাগ/অঞ্চলে নিয়োজিত করা হয়। প্রমোটাদের নিয়মিত তদারকীর কারনে অনেক বিভাগ/অঞ্চলের পারফরমেন্স ইতিমধ্যে আশানুরূপ বৃদ্ধি পেয়েছে। কৃষি ঋণ বিতরণের এখন ভরা মৌসুম। বিশেষ করে দেশের খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের প্রধান ফসল ইরি-বোরো খাতে ঋণ বিতরণের এখনই peak season। ঋণ বিতরণের এই ভরা মৌসুমে পর্যাপ্ত ফসলী ঋণ বিতরণের মাধ্যমে ব্যাপক খাদ্য শস্য উৎপাদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। এ লক্ষ্যে পর্যাপ্ত তহবিলের প্রয়োজন বিধায় ঋণ বিতরণের পাশাপাশি ঋণ আদায় ত্বরান্বিত করার জন্য এবং অঞ্চলের ঋণ বিতরণ, ঋণ আদায় ও আমানত সংগ্রহে পিছিয়ে পড়া শাখাসমূহের কার্যক্রম নিয়মিতভাবে পরিধারণ করা প্রয়োজন।

০২। ইতোপূর্বে নিয়োজিত উর্ধতন নির্বাহী/প্রমোটাদের পিআরএল/পদোন্নতি/বদলী জণিত কারনে বিভাগ/অঞ্চলসমূহের ব্যবসায়িক কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্তে উর্ধতন নির্বাহী/প্রমোটাদের নিম্নোক্তভাবে পুনঃনিয়োজিত করা হলো। প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক মহোদয়গণ বিভিন্ন অঞ্চলে নিয়োজিত প্রমোটারদের কর্মকান্ডসহ সংশ্লিষ্ট বিভাগ/অঞ্চলসমূহের পরিচালনগত যাবতীয় কাজের তদারকী করবেন।

| ক্রঃ নং | নির্বাহীদের নাম | পদবী | দায়িত্বপ্রাপ্ত বিভাগ/কার্যালয় |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ ফিরোজ খান | মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যঃ নিয়ন্ত্রণ মহাবিভাগ | চট্টগ্রাম ও সিলেট |
| ২ | জনাব পীযুষ চন্দ্র ভাওয়াল | মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ | ঢাকা ও কুমিল্লা |
| ৩ | জনাব মোঃ মোখলেছুর রহমান | মহাব্যবস্থাপক, আইসিটি মহাবিভাগ | ময়মনসিংহ, বরিশাল ও এলপিও |
| ৪ | জনাব সৈয়দ সিরাজুল ইসলাম | মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ | খুলনা, কুষ্টিয়া ও ফরিদপুর |

| ক্রঃ নং | প্রমোটারগণের নাম | পদবী | কর্মস্থল | দায়িত্বপ্রাপ্ত অঞ্চল/কর্পোরেট শাখা |
|---|---|---|---|---|
| | উপ-মহাব্যবস্থাপক ঃ | | | |
| ১ | জনাব বশির আহমেদ | উপ-মহাব্যবস্থাপক | ক্রেডিট বিভাগ-১ | নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল(উঃ), টাঙ্গাইল(দঃ) ও নারায়নগঞ্জ কর্পোঃ শাখা |
| ২ | " এটিএম আনিসুর রহমান | উপ-মহাব্যবস্থাপক | পর্ষদ সচিবালয় বিভাগ | সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ |
| ৩ | " মোঃ রইস উদ্দিন বিশ্বাস | উপ-মহাব্যবস্থাপক | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-৪ | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা ও ঝিনাইদহ |
| ৪ | " দুলাল চন্দ্র সরকার | উপ-মহাব্যবস্থাপক | ঋণ আদায় বিভাগ | চট্টগ্রাম পূর্ব, চট্টগ্রাম পশ্চিম ও চট্টগ্রাম কর্পোঃ শাখা |
| ৫ | " এ,আর, এম আনিস উজজামান | উপ-মহাব্যবস্থাপক | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও বরিশাল |
| ৬ | " মোঃ শহিদুল ইসলাম | উপ-মহাব্যবস্থাপক | রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ | নোয়াখালী, ফেনী, লাকসাম ও গাজীপুর |
| ৭ | " ফোরকান আহমেদ | উপ-মহাব্যবস্থাপক | প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২ | সুনামগঞ্জ, নেত্রকোনা ও সিলেট কর্পোঃ শাখা |
| ৮ | " মোঃ হাফিজুর রহমান | উপ-মহাব্যবস্থাপক | প্রজেক্ট মনিটরিং বিভাগ | ফরিদপুর, রাজবাড়ী ও মানিকগঞ্জ |
| ৯ | " মোঃ জামাল উদ্দিন | উপ-মহাব্যবস্থাপক | ভিজিলেন্স স্কোয়াড বিভাগ | খুলনা,বাগেরহাট,যশোর,সাতক্ষীরা ও খুলনা কর্পোঃ শাখা |
| ১০ | " মোঃ হাবিব উল্যা | উপ-মহাব্যবস্থাপক | হিসাব সমন্বয় বিভাগ | জামালপুর,শেরপুর,ময়মনসিংহ(উঃ)ও ময়মনসিংহ (দঃ) |
| ১১ | " মোরশেদা খানম | উপ-মহাব্যবস্থাপক | এসএমই বিভাগ | ঢাকা,কাওরানবাজার কর্পোঃ শাখা ও বনানী কর্পোঃ শাখা |
| ১২ | " মোঃ রেজাউল হক | উপ-মহাব্যবস্থাপক | প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১ | কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও নরসিংদী |
| | সহকারী মহাব্যবস্থাপকঃ | | | |
| ১ | জনাব আব্দুল হক ভূঁইয়া | সহকারী মহাব্যবস্থাপক | প্রজেক্ট ক্রেডিট বিভাগ | নড়াইল ও মাগুরা |
| ২ | " কৃষ্ণ দাস ঘোষ | সহকারী মহাব্যবস্থাপক | কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ | পিরোজপুর ও ঝালকাঠি |
| ৩ | " মোঃ আমিনুল বাহার | সহকারী মহাব্যবস্থাপক | বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ | বান্দরবান |
| ৪ | " মোঃ মফিজুর রহমান | সহকারী মহাব্যবস্থাপক | হিসাব সমন্বয় বিভাগ | পটুয়াখালী ও ভোলা |
| ৫ | " মোঃ আলমগীর ইসলাম | সহকারী মহাব্যবস্থাপক | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ | খাগড়াছড়ি |
| ৬ | " মোঃ শাহজাহান আলী সিরাজী | সহকারী মহাব্যবস্থাপক | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | কিশোরগঞ্জ |
| ৭ | " এম. আখতারুল আলম | সহকারী মহাব্যবস্থাপক | ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ | রাঙ্গামাটি ও আগ্রাবাদ কর্পোঃ শাখা |
| ৮ | " ডা. মোঃ নুর সাঈদ | সহকারী মহাব্যবস্থাপক | ঋণ আদায় বিভাগ | বরগুনা |
| ৯ | " মোঃ মজিবুর রহমান | সহকারী মহাব্যবস্থাপক | ক্রেডিট বিভাগ-১ | লক্ষীপুর |
| ১০ | " মোহাম্মদ মনিরুল ইসলাম | সহকারী মহাব্যবস্থাপক | ভিজিলেন্স স্কোয়াড বিভাগ | কক্সবাজার ও পটিয়া |
| ১১ | " মীর রেজাউল করিম | সহকারী মহাব্যবস্থাপক | প্রকিউরমেন্ট বিভাগ | চাঁদপুর |

চলমান পাতা/০২

০৩। বিভিন্ন অঞ্চলে নিয়োজিত প্রমোটারদেরকে নিম্নোক্ত কার্যপরিধি (TOR) অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

প্রমোটারদের জন্য অনুসৃতব্য কার্যপরিধি (TOR) ঃ

(১) অঞ্চলাধীন শাখাসমূহের অনুকূলে ধার্যকৃত ঋণ বিতরণ,ঋণ আদায় ও আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের কার্যক্রম মনিটরিং করবেন;
(২) অঞ্চলাধীন শাখাসমূহের core sector (শস্য, মৎস্য ও প্রাণীসম্পদ) সহ এসএমই ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক সরাসরি/টেলিফোনের মাধ্যমে নিয়মিত মনিটরিং করবেন;
(৩) প্রধান কার্যালয় হতে বিভিন্ন তারিখে জারীকৃত পত্র/পরিপত্রের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও দ্রুততার সাথে পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা নিশ্চিত করবেন;
(৪) প্রতিটি শাখা যাতে প্রতি সপ্তাহে ক্যাম্প স্থাপনের মাধ্যমে পর্যাপ্ত ঋণ বিতরণ ও ঋণ আদায় করে তা নিশ্চিত করবেন;
(৫) কৃষকদের প্রকৃত চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী ঋণ বিতরণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন;
(৬) কম ঋণ বিতরণকারী শাখায় অগ্রাধিকার ভিত্তিতে পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা করবেন;
(৭) ৪% সুদ হারে চলতি মৌসুমে বিতরণযোগ্য আমদানি বিকল্প শস্য খাতে পর্যাপ্ত ঋণ বিতরণ নিশ্চিত করবেন;
(৮) ঋণ বিতরনকালে কৃষকগণ যাতে ঋণ পেতে বিলম্ব বা হয়রানীর শিকার না হয় সে বিষয়টিও নিশ্চিত করবেন;
(৯) প্রধান কার্যালয় হতে প্রদত্ত নির্দেশনানুযায়ী WCL, NCL, CL, ৫২-ডেফার্ড ক্রেডিট ঋণ আদায় করা হচ্ছে কিনা তার সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সরাসরি/ টেলিফোনের মাধ্যমে নিয়মিত মনিটরিং করবেন;
(১০) অঞ্চল/শাখাসমূহের ডিসেম্বর/২০১৫ পর্যন্ত পুনঃতফসিলকৃত স্বল্পমেয়াদী কৃষি ঋণ যাতে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিনত না হয় সে বিষয়ে শাখা সমূহকে নির্দেশনা প্রদানসহ পুনঃতফসিলকৃত ঋণ আদায়পূর্বক পুনরায় ঋণ প্রদানে উদ্বুদ্ধ করতে হবে;
(১১) শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা শাখায় আপডেট আছে কি না তা নিশ্চিত করবেন এবং শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট থেকে ঋণ আদায়ের ব্যবস্থা নিশ্চিত করবেন;
(১২) জারীযোগ্য সকল নোটিশ জারীর বিষয়ে কার্যকরভাবে মনিটরিং করবেন;
(১৩) সার্টিফিকেট আদালতের মামলা ও অর্থ ঋণ আদালতের মামলা দায়ের ও নিস্পত্তিকরণের অগ্রগতি মনিটরিং করবেন;
(১৪) তামাদি ঋণ নিয়মিতকরণ বিষয়টিও মনিটরিং করবেন;
(১৫) নিরীক্ষা আপত্তি নিস্পত্তির অগ্রগতি মনিটরিং করবেন;
(১৬) অঞ্চলাধীন শাখাসমূহের অনুকূলে মুনাফা অর্জনের ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের কার্যক্রম মনিটরিং করবেন;
(১৭) বর্ণিত কর্মসূচী বাস্তবায়নে শাখার কোন কর্মকর্তা/কর্মচারীর যে কোন শিথিলতা পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের সাথে আলোচনাপূর্বক তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন।

০৪। নির্বাহী/প্রমোটারগণ বরাদ্দকৃত বিভাগ/অঞ্চলের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা যাতে মার্চ/২০১৬ তারিখের মধ্যে ৮৫% ও জুন/২০১৬ তারিখের মধ্যে ১০০% অর্জন নিশ্চিত করতে সক্ষম হন সে বিষয়ে অঞ্চল/শাখাসমূহের কাজ অফ-সাইট প্রয়োজনে অন-সাইট মনিটরিংপূর্বক বিভাগ/ অঞ্চলের পারফরমেন্স অগ্রগতির অবস্থা সময় সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করবেন।

০৫। নির্বাহী ও প্রমোটারদেরকে উপরে বর্ণিত মনিটরিং কার্যক্রম পুনরাদেশ না দেয়া পর্যন্ত অব্যাহত রাখার জন্য নির্দেশ দেয়া হলো।

০১। সংশ্লিষ্ট নির্বাহীবৃন্দ
০২। সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকবৃন্দ
০৩। সংশ্লিষ্ট সহকারী মহাব্যবস্থাপকবৃন্দ

( এম এ ইউসুফ ) 20-1-16.
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৫-২০১৬/৭৭৭ (১২৫০) তারিখ ঃ ২০-০১-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

২০.০১.১৬
(এ,আর,এম আনিস উজ্জামান)
উপ- মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫